

# ঢাবিতে গেস্টরুমে ছাত্রলীগের নির্যাতনে অচেতন শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

০৪ ডিসেম্বর, ২০২৩  
০২:২৫

শেয়ার

অ +

অ -



অচেতন ঢাবি শিক্ষার্থীকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। ছবি: কালের কণ্ঠ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজয় একাত্তর হলের ‘গেস্টরুমে’ ছাত্রলীগের নির্যাতনে এক ছাত্র অজ্ঞান হয়ে যাওয়ার ঘটনা ঘটেছে। পরে তাঁকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে (ঢামেক) ভর্তি করা হয়েছে। ওই শিক্ষার্থী শারীরিকভাবে অসুস্থ ছিলেন। রবিবার রাত সাড়ে ১০টার দিকে হলের টিভি কক্ষে এ ঘটনা ঘটে।

অচেতন হয়ে যাওয়া ওই শিক্ষার্থীর নাম আহসান হাবীব। তিনি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রথম বর্ষের ছাত্র। তাঁর বাড়ি নড়াইলে।

স্থানীয়রা জানায়, সেখানে ‘গেস্টরুম’ ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইনানের অনুসারীরা প্রথম বর্ষের শিক্ষার্থীদের সাক্ষাৎ নিচ্ছিলেন।

বিজয় একান্তর হল ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাদিক হাসান মিয়া, সাংগঠনিক সম্পাদক রাব্বি আহমেদ, মুক্তিযুদ্ধ ও গবেষণা সম্পাদক সাবাত আল ইসলাম এই গ্রুপের নেতৃত্ব দেন। তারা আগামী হল কমিটিতে শীর্ষ পদ প্রত্যাশী।

গেস্টরুমে উপস্থিত কয়েকজন শিক্ষার্থী জানান, গত কয়েকদিন যাবৎ ছাত্রলীগের প্রোগ্রাম না করায় আহসান হাবীবকে গেস্টরুমে ডাকা হয়। অসুস্থ থাকায় সে ছুটি চাইলে তাকে দাঁড় করিয়ে রাখা হয় এবং বিভিন্ন গালাগাল দেওয়া হয়।

তখন সে অজ্ঞান হয়ে পড়ে। পরবর্তীতে তাকে ঢাকা মেডিকেল ভর্তি করা হয়।

এ বিষয়ে হল ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাদিক হাসান মিয়া কালের কণ্ঠকে বলেন, ছেলেটা (হাবীব) এমনিতেই অসুস্থ ছিল। গেস্টরুমে গিয়ে ছুটি নেওয়ার জন্য যখন সে সামনে আসে তখনই অসুস্থ হয়ে পড়ে। গেস্টরুমে তার সাথে কোনো ধরনের খারাপ আচরণ করা হয়নি।

হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আবদুল বাছির বলেন, ওই শিক্ষার্থীর চিকিৎসা চলছে। হলের স্বাস্থ্যসেবককে সেখানে পাঠানো হয়েছে। বিষয়টি যাচাই বাছাই করে দেখব। কোনো নির্যাতনের ঘটনা ঘটলে ব্যবস্থা নেওয়া হবে।